# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-২ | **দ্বিতীয় অধ্যায়:** বাংলাদেশের মুক্তিযুদ্ধ | পাঠ- ১<br>সশস্ত্রমুক্তিযুদ্ধের পটভূমি<br>পাঠ- ২<br>৭ই মার্চের ভাষণ ও বাঙ্গালীর স্বাধীনতার প্রস্তুতি<br>পাঠ- ৩<br>২৫শে মার্চের নারকীয় হত্যাযজ্ঞ<br>পাঠ- ৪<br>ছাব্বিশে মার্চ ও বঙ্গবন্ধুর স্বাধীনতা ঘোষণা<br>পাঠ-৫<br>মুক্তিযুদ্ধের প্রস্তুতি ও অস্থায়ী সরকার গঠন<br>পাঠ- ৬<br>মুক্তিবাহিনী গঠন ও কার্যক্রম<br>পাঠ- ৭<br>মুক্তিযুদ্ধে বিরোধী শক্তির তৎপরতা<br>পাঠ- ৮<br>মুক্তিযুদ্ধে দেশি ও বিদেশি শক্তির সহযোগিতা<br>পাঠ- ৯<br>যৌথবাহিনীর নেতৃত্বে চূড়ান্ত যুদ্ধ<br>পাঠ- ১০<br>গণহত্যা ও নির্যাতন<br>পাঠ- ১১<br>পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পন<br>উল্লিখিত সকল পাঠ | মনে কর, ১৯৭১ সালে তুমি ৮ম শ্রেণির শিক্ষার্থী। নিচের ঘটনার ক্ষেত্রে তুমি উপস্থিত থাকলে ঐ সময় কী করতে তার বর্ণনা দাও।<br>(যে কোনো তিনটি ঘটনার ক্ষেত্রে নিজের অনুভূতি লিখতে হবে )<br>ক) রেসকোর্স ময়দানে ৭ই মার্চের ভাষণ শুনছ<br>খ) ২৫শে মার্চ গণহত্যার প্রত্যক্ষদর্শী<br>গ) পাকিস্তান হানাদার ও তাদের দোসর রাজাকার, আলবদর, আল-শামস এলাকাবাসীকে নির্যাতন করছে<br>ঘ) মুক্তিবাহিনীকে হানাদাররা তাড়া করছে<br>ঙ) ১৬ ই ডিসেম্বর পাকিস্তানী বাহিনী আত্মসমর্পন দলিলে স্বাক্ষর করছে | ১। পাঠ্যপুস্তক থেকে ৭ই মার্চের ভাষণের গুরুত্ব ও প্রতিক্রিয়া, ২৫শে মার্চের গণহত্যার ভয়াবহতা, মুক্তিযুদ্ধে বিরোধীদের তৎপরতা, মুক্তিযুদ্ধকালীন পাকিস্তানি বাহিনীর গণহত্যা ও অত্যাচারএবং পাকিস্তানি বাহিনীর আত্মসমর্পণের ঘটনা ভালোভাবে পড়ে নিতে হবে।<br>২। বাংলা ১ম পত্র বই থেকে ৭ই মার্চের ভাষণটি মনোযোগ সহকারে পড়ে নেয়া যেতে পারে।<br>৩। ইউটিউব/রেকর্ড থেকে ৭ই মার্চের ভাষণ শুনে নেয়া যেতে পারে (যদি সম্ভব হয়)।<br>৪। ইন্টারনেট, পত্র-পত্রিকা,পরিবারের বয়স্ক সদস্যদের সাথে আলাপচারিতা ইত্যাদির মাধ্যমে মুক্তিযুদ্ধকালীন সেই সময়ের ঘটনার বিষয়ে জেনে নেয়া যেতে পারে।<br>৫। নিজেকে উক্ত সময়ের মধ্যে রেখে ঘটনাটি কল্পনা করে লিখতে হবে। | **অতি উত্তম:**<br>১) পরিপূর্ণমাত্রায় বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা রক্ষা<br>২) পরিপূর্ণমাত্রায় দেশপ্রেমের চেতনা ও আত্মত্যাগ মানসিকতার বহিঃপ্রকাশ<br>৩) উপস্থাপনায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪) লক্ষনীয় মাত্রায় নান্দনিক ও বৈচিত্যপূর্ণ উপস্থাপন<br><br>**উত্তম:**<br>১) অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা রক্ষা<br>২) দেশপ্রেম চেতনার বহিঃপ্রকাশ থাকলেও আত্মত্যাগ মানসিকতার আংশিক উপস্থিতি<br>৩) উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪) নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**ভালো:**<br>১) বিষয়বস্তুর যথার্থতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২) দেশপ্রেমের চেতনা ও আত্মত্যাগ মানসিকতার সাধারণ বহিঃপ্রকাশ<br>৩) উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪) আংশিক নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১) বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার অভাব<br>২) দেশপ্রেমের চেতনা ও আত্মত্যাগ মানসিকতার অনুপস্থিতি<br>৩) উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৪) নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপনার অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১ | **প্রথম অধ্যায়:** শরীর চর্চা ও সুস্থ জীবন | ● বিশ্রাম, ঘুম ও বিনোদনের প্রয়োজনীয়তা<br>● বয়স ও শারীরিক গঠন অনুসারে বিশ্রাম ও ঘুমের চাহিদা<br>● শারীরিক সুস্থতায় ব্যায়ামের প্রভাব<br>● সরঞ্জামবিহীন ব্যায়াম :<br>○ স্পিড এক্সারসাইজ<br>○ এবডুমিনাল এক্সারসাইজ<br>● সরঞ্জামসহ ব্যায়াম<br>○ ক্লাইমবিং রোপ<br>○ রোমানরিং<br>● এডুকেশনাল জিমন্যাসট্রিক্স<br>○ হেডস্প্রিং<br>○ নেকস্প্রিং<br>○ হ্যান্ডস্প্রিং<br>○ লেগস্প্রিং<br>○ হ্যান্ড স্ট্যাণ্ড<br>○ হেড স্ট্যান্ড<br>● অনুশীলন (১)<br>● মূল্যায়ন (১) | 'সুস্থ দেহে সুন্দরমন'- এই প্রবাদটির আলোকে তোমার শারীরিক ও মানসিক সুস্থতার দৈনিক কার্যক্রমের একটি ধারাবাহিক তালিকা তৈরি কর। (সকালে ঘুম থেকে উঠে রাতে ঘুমানোর আগ পর্যন্ত) | ১. ক্যালেন্ডারের উল্টা পৃষ্ঠা বা খাতার সাদা পৃষ্ঠা জোড়া লাগিয়ে পয়েন্ট আকারে তালিকা তৈরি করা যেতে পারে।<br><br>২. পরিবারের অন্যান্য সদস্যদের সহযোগিতা নেওয়া যেতে পারে।<br><br>৩. পাঠ্যপুস্তকের সাহায্য নিয়ে তালিকা তৈরি করা যেতে পারে। | **অতি উত্তম:**<br>১. বিষয়বস্তুর উপস্থাপনা সঠিক, পূর্ণাঙ্গ ও ধারাবাহিকতা রয়েছে।<br>২. লেখায় সর্বোচ্চমাত্রায় নিজস্বতা ও ওসৃজনশীলতা বিদ্যমান।<br>৩. বাক্য গঠন ও বানানের সঠিক প্রয়োগ।<br><br>**উত্তম:**<br>১. অধিকাংশক্ষেত্রে বিষয়বস্তুর ধারাবাহিক উপস্থাপনা।<br>২. কোথাও কোথাও বাক্য গঠনে অসঙ্গতি।<br>৩.বানানের সঠিক প্রয়োগ।<br><br>**ভালো:**<br>১. বিষয়বস্তুর তালিকা সঠিক থাকলে ও ধারাবাহিকতার অভাব।<br>২. নিজস্বতা ও সৃজনশীলতার অভাব।<br>৩. বাক্য গঠন ও বানান আংশিক অসঙ্গতিপূর্ণ।<br><br>**অগ্রগতির প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর তালিকা পূর্ণাঙ্গ নয়, ধারাবাহিকতার অভাব।<br>২. নিজস্বতা ও সৃজনশীলতার অভাব।<br>৩. বাক্য গঠন ও শুদ্ধ বানানের অভাব। |